একই তারিখ ও স্মারকের স্থলে স্থলাভিষিক্ত

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-পনি/গোবি/৩৩৯/৯/৯৬/৩৭ তারিখ : ০২/৮/২০১৬ খ্রি.

বিষয় : ২০১৭ সালের মাধ্যমিক পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা গ্রহণ ও অনলাইনে প্রশ্ন ব্যাংকে প্রশ্ন আপলোড প্রসঙ্গে

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১৪ মে ২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২০-১৪-২৩৪ এবং
১৭ এপ্রিল ২০১২ তারিখের শিম/শা:১১/বিবিধ-৬/২০১৪ (অংশ-২)/২৭৬ নম্বর স্মারক পত্র

যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কর্মরত শিক্ষকবৃন্দকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকের নির্দেশক্রমে যশোর শিক্ষা বোর্ড কর্তৃক অনলাইন প্রশ্ন ব্যাংক তৈরি করা হয়েছে। On Line এ প্রশ্ন ব্যাংকের মাধ্যমে প্রশ্নপত্র সরবরাহ করে ২০১৭ সালের মাধ্যমিক পরীক্ষার্থীদের ইংরেজি ১ম(১০৭), গণিত(১০৯), ভূগোল ও পরিবেশ (১১০), বিজ্ঞান(১২৭), পদার্থ বিজ্ঞান(১৩৬), বাংলাদেশ ও বিশ্ব পরিচয়(১৫০), ফিন্যান্স ও ব্যাংকিং(১৫২), এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) বিষয়/পত্রে নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হবে।

সুতরাং, এখন থেকে শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষককে বাধ্যতামূলকভাবে সৃজনশীল প্রশ্ন প্রণয়ন পদ্ধতির সকল নির্দেশনা অনুসরণ করে সংযুক্ত ম্যানুয়ালের সহায়তায় আগামী ২৮/৮/২০১৬ তারিখের মধ্যে প্রশ্ন আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

- কর্মরত সকল শিক্ষকের জন্য প্রশ্ন ব্যাংকে সৃজনশীল ও বহুনির্বাচনী প্রশ্ন প্রণয়ন করে আপলোড বাধ্যতামূলক
- প্রশ্ন প্রণয়নকারী শিক্ষক নিজেই পাঠ্যসূচির সকল অধ্যায় থেকেই প্রশ্ন প্রণয়ন করবেন
- বহুনির্বাচনী প্রশ্নে চিন্তন দক্ষতার সকল স্তর থেকে প্রশ্ন আপলোড করতে হবে
- বহুনির্বাচনী প্রশ্নে সাধারণ, বহুপদী সমাপ্তিসূচক ও অভিন্ন তথ্যভিত্তিক ৩ প্রকারেরই প্রশ্ন প্রণয়ন করতে হবে
- কোন টেক্সট বই, নোট বই, গাইড বই, সাজেশন বই ও বিগত বছরসমূহের প্রশ্নপত্র ইত্যাদি থেকে হুবহু প্রশ্ন করা যাবে না
- প্রশ্ন ব্যাংকে প্রশ্ন আপলোড করার সময় ভাষার সঠিকতা, বিশেষ করে দ্ব্যর্থকতা/অস্পষ্টতা, বানান, যতিচিহ্নের ব্যবহার, উপযুক্ত শব্দের ব্যবহার যথাযথভাবে অনুসরণ করতে হবে
- প্রশ্ন প্রণয়নের সময় সর্বশেষ সংস্করণের পাঠ্যপুস্তক ও পাঠ্যক্রম অনুসরণ করতে হবে
- প্রতিটি প্রশ্ন অবশ্যই কারিকুলামের নির্দেশনার আলোকে সকল বিষয়বস্তু ও দক্ষতা যাচাইয়ের উপযোগী হতে হবে
- প্রতিষ্ঠান প্রধান তার অধীনস্ত শিক্ষকবৃন্দ সকল অধ্যায় থেকে মানসম্মত সৃজনশীল ও বহুনির্বাচনী প্রশ্ন আপলোড করছেন কিনা তা অনলাইনে তদারকি করবেন
- শিক্ষকের পাসওয়ার্ড কোন ক্রমেই হস্তান্তর করা যাবে না। নিরাপত্তার প্রয়োজনে যে কোন সময় শিক্ষক নিজে অনলাইনেই তাঁর পাসওয়ার্ড পরিবর্তন করতে পারবেন
- প্রশ্ন ব্যাংকে প্রশ্ন আপলোডের উপর In House প্রশিক্ষণ প্রদান করতে হবে
- আপলোডকৃত প্রশ্নের গোপনীয়তা নিশ্চিত করতে হবে।

২/৮/১৬

(মাধব চন্দ্র রুদ্র)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন ঃ ০৪২১-৬২৬৬৬
মোবাইল ঃ ০১৭৩৩-২২২০০৩
controller@jessoreboard.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সকল মাধ্যমিক/উচ্চমাধ্যমিক বিদ্যালয়সমূহ

স্মারক নং-পনি/গোবি/৩৩৯/৯/৯৬/৩৭ তারিখ : ০২/৮/২০১৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩। পরিচালক, মাধ্যমিক উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
৪। জেলা প্রশাসক, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
৫। অত্র বোর্ডের সকল কর্মকর্তা
৬। সংরক্ষিত কপি।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

প্রতিষ্ঠান প্রধানদের করনীয়

ছগণ www.jessoreboard.gov.bd এর Question Bank মেনু হতে লগইন পেজ এ ইউজার আইডি হিসেবে প্রতিষ্ঠানের EIIN এবং যশোর শিক্ষা বোর্ড হতে পূর্বে প্রদত্ত পাসওয়ার্ড দিয়ে লগইন করুন। এরপর বামপাশের মেনুবার থেকে Manage Teacher < Approved list এ ক্লিক করলে সকল শিক্ষকের তালিকা পাওয়া যাবে। তালিকার ডানপাশের Allote Class/Subject-এ ক্লিক করে আপনার প্রতিষ্ঠানের যে শিক্ষক যে শ্রেণির যে বিষয়ে পাঠদান করেন তা নির্বাচন করে দিতে হবে। প্রতিষ্ঠান প্রধান বিষয় নির্বাচন না করলে কোন শিক্ষকই প্রশ্ন আপলোড করতে পারবেন না।

প্রশ্ন ব্যাংক আপলোড প্যানেল ম্যানুয়াল

আপনার কম্পিউটারের ব্রাউজারটি ওপেন করে অ্যাড্রেসবার এ www.jessoreboard.gov.bd ঠিকানাটি লিখুন। প্রবেশ করার পর আপনি নিচের মত যশোর শিক্ষা বোর্ড এর হোম পেজটি পাবেন।

হোমপেজের উপরে বাম দিকে *Question Bank* মেনুতে ক্লিক করলে নিচের পেজটি আসবে।

এর পর নিচের লাল রং এর ENTER বাটনে ক্লিক করলে Sign in / Login পেজটি ওপেন হবে।
যথাস্থানে আপনার USER NAME ও PASSWORD দিয়ে আপনার অ্যাকাউন্টে প্রবেশ করুন। Teacher login এর জন্য USER NAME আপনার যশোর বোর্ড এর OTP ID এর আগে 13 যোগ করলে পাবেন। আর ডিফল্ট পাসওয়ার্ড হিসেবে আপনার জন্ম তারিখ (YYYYMMDD ফরম্যাটে) আছে। যেমন কারো যশোর বোর্ড এর OTP ID 0000033012 ও জন্ম তারিখ ২০-১২-১৯৭৭ হলে তার USER NAME হবে 130000033012 আর PASSWORD হবে 19771220 । লগইন করার পর আপনি নিচের ড্যাসবোর্ডটি পাবেন। **(Instituite Login ও করনীয় সম্পর্কে জানতে ম্যানুয়ালের নিচের অংশে দেখুন।)**



প্রথম বার লগইন করার পর অবশ্যই পাসওয়ার্ডটি পরিবর্তন করে নিন। লগইন করার পর Dash board এর My profile মেনুতে ক্লিক করে আপনার প্রোফাইলটি আপডেট করুন ও পাসওয়ার্ড তৈরি করে নিন এবং পাসওয়ার্ডটি খুব গোপনে সংরক্ষণ করুন। পাসওয়ার্ডটি অবশ্যই ন্যূনতম নয় ক্যারেক্টার হবে এবং ABC..., abc....,123.... ও !@#$%& এর কম্বিনেশন হবে। যেমন একজন MODHUMITA শব্দটি পাসওয়ার্ড হিসেবে ব্যবহার করতে চান। এর নমুনা এমন হতে পারে- m0Dhuum1t@, তবে পাসওয়ার্ড হিসেবে কখনোই নিজের নাম বা সহজে অনুমান করা যায় এমন কিছু ব্যবহার করবেন না।

এবার SUBMIT button ক্লিক করে আপনার প্রফাইল ও পাসওয়ার্ড আপডেট করুন। এখন আপনি প্রশ্ন করার জন্য প্রস্তুত।
এরপর প্রশ্ন করার জন্য Manage Question বাটনে ক্লিক করুন। NikoshBAN ফন্ট ও Avro Keyboard ব্যবহার করুন।

Manage Question বাটনে ক্লিক করার পর ড্রপ ডাউন লিস্ট থেকে Creat Question এ ক্লিক করুন।
এরপর আপনি সৃজনশীল না বহুনির্বাচনী প্রশ্ন প্রণয়ন করতে চান তা নির্বাচন করুন।



ধরুন আপনি **সৃজনশীল প্রশ্ন** করতে চান। তাহলে আপনি Creative Question Button এ ক্লিক করুন।



Creative Question Button এ ক্লিক করার পর আপনি যে পেজটি পাবেন সেখানে ক্লাস ও সাবজেক্ট সিলেক্ট করে Next Button এ ক্লিক করে পরবর্তি পেজ এ যান। এই পেজটি হল আপনার প্রশ্নটি করার মূল পেজ। উদ্দীপকে ছবি আপলোড করতে চাইলে আপনার ছবিটি স্ক্যান করে আগে ল্যাপটপ/পিসি তে সেভ করে রাখুন। তারপর Browse Button এ ক্লিক করে ছবিটি আপলোড করুন। এবার গ ও ঘ নং প্রশ্নের জন্য চ্যাপ্টার সিলেক্ট করুন। একটি চ্যাপ্টার সিলেক্ট করতে চ্যাপ্টারের উপর মাউস পয়েন্টার নিয়ে right click করুন আর একাধিক চ্যাপ্টার সিলেক্ট করতে হলে Ctrl Key চেপে মাউসের right click করুন।
চ্যাপ্টার সিলেক্ট করার পর আপনি চ্যাপ্টারের নিচে যে যে চ্যাপ্টার সিলেক্ট করেছেন সেই সেই চ্যাপ্টারের শিখনফল (লার্নিং আউটকাম) পাবেন
একইভাবে প্রত্যেক প্রশ্নের জন্য Learning Outcome নির্বাচন করুন। **মনে রাখবেন ঘ নং প্রশ্নের জন্য অবশ্যই আপনাকে কমপক্ষে দুটি শিখনফল নির্বাচন করতে হবে যার একটি গ এর অনুরুপ হতে পারে কিন্তু অন্যটি অবশ্যই সম্পূর্ণ নতুন হবে।** এরপর উদ্দীপক লিখিত বক্সে আপনার উদ্দীপকটি টাইপ করুন।

উদ্দীপকে সমীকরণ লিখতে চাইলে fx চিহ্নিত বাটনে ক্লিক করে Equation Editor ওপেন করুন।



এরপর সমীকরণটি লিখে OK বাটন ক্লিক করে উদ্দীপকে সমীকরণটি প্রবেশ করান।



নিচে সমীকরণ লেখার একটি নমূনা দেখুন।



আপনি যদি উদ্দীপক ছাড়া অন্য কোনো ফিল্ড এ (প্রশ্নের অংশে) সমীকরণ লিখতে চান তাহলে আগে সমীকরণটি ষ্টেম (উদ্দীপক) এর ঘরে লিখে কপি করে সেই ফিল্ডে সমীকরণটি পেস্ট করবেন। কারণ সার্ভারের উপর চাপ কমানোর জন্য সব ফিল্ড এ Equation Editor দেওয়া সম্ভব হয়নি। নিচে একটি উদাহরণ দেখুন। যে সমীকরণটি অন্য কোথাও লিখতে চান সেটি প্রথমে Equation Editor ব্যবহার করে উদ্দীপক বক্সে লিখে ফেলুন। তারপর Equation টির উপর মাউস পয়েন্টার রেখে মাউসের Right Button ক্লিক করুন।



নিচের মত পেজ আসবে। এখান থেকে পুরো URL টি কপি করুন ।



যেখানে আপনি সমীকরণটি লিখতে চান সেখানে URL টি পেস্ট করে URL **এর শেষে একটি # চিহ্ন যোগ করুন।** ব্যাস, আপনার কাজ শেষ। ভয় পাবেন না, ওখানে কিন্তু আপনার পেস্ট করা সমীকরণটি সমীকরণ আকারে দেখাবে না, URL টি দেখাবে। আপনি আপনার করা প্রশ্নটি সাবমিট করার পর সেটি সকল ফিল্ড এ সমীকরণ আকারে থাকবে।

দেখুন, আমি নমুনা হিসেবে একটি সমীকরণ লিখে সেটির লিঙ্ক (URL) ক, খ, গ ও ঘ সকল প্রশ্নের ঘরে পেস্ট করেছিলাম।



আশাকরি এতক্ষণ আপনার উদ্দীপক লেখা শেষ। এরপর উদ্দীপক এর ঠিক নিচে (ক) নং ও (খ) নং প্রশ্নের জন্য যথাক্রমে চ্যাপ্টার ও শিখনফল নির্বাচন করে প্রশ্ন লেখার ফিল্ডে প্রশ্নটি লিখে ফেলুন। এরপর গ ও ঘ নং প্রশ্নটি লিখে নিচের সাবমিট বাটনে ক্লিক করে প্রশ্নটি সার্ভারে সাবমিট করুন। ব্যাস, আপনার প্রশ্ন করা শেষ। আপনার প্রশ্নটির প্রিভিউ দেখতে চাইলে বা Edit করতে চাইলে বাম পাশের মেনুতে Manage Question এ ক্লিক করে Creative Question List এর ভিতর Pending List এ ঢুকুন। এখানে আপনি আপনার করা প্রশ্নের তালিকা পাবেন এবং প্রশ্নের স্টাটাস দেখতে পাবেন।

#	Class Name	Subject Name	Stem	Action		Status
1	অষ্টম	বাংলাদেশ ও বিশ্বপরিচয়	ঢাকা বোর্ডের জেএসসি, এসএসসি, এইচএসসি ও ডিআইবিএস পরীক্ষার ফল অনলাইনে প্রকাশ ও ... ফল ও পরিসংখ্যান আপলোড/ ডাউনলোড এবং আর্কাইভ সংরক্ষণ;বোর্ডের সকল শাখায় ই-ফাইলিং চালু;ঢাকা শিক্ষাবোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকবৃন্দের তথ্য সংগ্রহের জন্য ডাটা এন্ট্রি প্যানেল উন্নয়ন ও চালু রাখা এবং এ তথ্যের ভিত্তিতে অনলাইনে সেটার, মডারেটর, পরীক্ষক, প্রধান পরীক্ষক নিয়োগ, তাঁদের রিপোর্ট আপলোড ও বিল প্রস্তুত;	View | Edit	Delete	Pending Approval
2	নবম	সাধারন বিজ্ঞান	The House of Plantagenet (1154–1485) was the royal house of all the English kings from Henry II to Richard III, including the Angevin kings and the houses of Lancaster and York. In addition to the traditional judicial, feudal and military roles of the king, the Plantagenets had duties to the realm that were underpinned by a sophisticated justice system. They were often forced to agree to constraints on royal power, such as Magna Carta, in return for financial and military support. During their reigns, a distinct national identity was shaped by conflict with the French, Scots, Welsh and Irish, and by the establishment of English as the primary language.	View | Edit	Delete	Pending Approval

এখান থেকে আপনি View বাটনে ক্লিক করে যে কোনো প্রশ্ন দেখতে পারবেন, Edit বাটনে ক্লিক করে যে কোনো প্রশ্ন Edit করতে পারবেন বা Delete বাটনে ক্লিক করে যে কোনো প্রশ্ন Delete করতে পারবেন।

গণিত বিষয়ের জন্য নির্দেশনাঃ

গণিত সৃজনশীল প্রশ্নে ক) খ) ও গ) এই তিনটি আংশ থাকে। ক অংশের নম্বর ২ খ ও গ নং অংশের নম্বর ৪ করে। উল্লেখ্য যে গণিতের ক), খ) ও গ) অংশে আপনাকে গণিত প্রশ্নের নিয়মানুযায়ী প্রত্যেক অংশে একটি করে শিখনফল নির্বাচন করতে হবে। আর সমীকরণ লেখার পদ্ধতি আগেই বর্ণনা করা হয়েছে।

বহু নির্বাচনী প্রশ্ন করার নিয়মাবলীঃ

এবার ধরুন আপনি বহু নির্বাচনী প্রশ্ন করতে চান। তাহলে আপনি Multiple Choice Question Button এ ক্লিক করুন।
Multiple Choice Question Button এ ক্লিক করার পর আপনি যে পেজটি পাবেন সেখানে আপনি কোন প্রকার বহুনির্বাচনী প্রশ্ন (অর্থাৎ সাধারণ বহুনির্বাচনী , বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনী না অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনী) করতে চান তা নির্বাচন করুন। আপনি সাধারণ বহু নির্বাচনী প্রশ্ন নির্বাচন করলে নিচের পেজটি ওপেন হবে। এখানে আপনার প্রথম কাজটি হল আপনি যে প্রশ্নটি করতে যাচ্ছেন (জ্ঞান, অনুধাবন, প্রয়োগ না উচ্চতর দক্ষতা) তার চিন্তন দক্ষতার স্তর নির্বাচন করা। তার পর ক্লাস, সাবজেক্ট চ্যাপ্টার ও লার্নিং আউটকাম (শিখনফল) সিলেক্ট করে Next Button এ ক্লিক করে পরবর্তি পেজ এ যান। একটি চ্যাপ্টার সিলেক্ট করতে চ্যাপ্টারের উপর মাউস পয়েন্টার নিয়ে ডান বাটন ক্লিক করুন আর একাধিক চ্যাপ্টার সিলেক্ট করতে হলে Ctrl Key চেপে মাউসের ডান বাটন ক্লিক করুন। চ্যাপ্টার সিলেক্ট করার পর আপনি চ্যাপ্টারের নিচে যে যে চ্যাপ্টার সিলেক্ট করেছেন সেই সেই চ্যাপ্টারের শিখনফল (লার্নিং আউটকাম) পাবেন। একইভাবে প্রত্যেক প্রশ্নের জন্য Learning Outcome নির্বাচন করুন। **মনে রাখবেন উচ্চতর দক্ষতার প্রশ্নের জন্য অবশ্যই আপনাকে কমপক্ষে দুটি শিখনফল নির্বাচন করতে হবে।**



আপনি বহুপদি সমাপ্তিসূচক বহু নির্বাচনি প্রশ্ন করতে চাইলে তা নির্বাচন করে যে প্রশ্নটি করতে যাচ্ছেন তার চিন্তন দক্ষতার স্তর (অনুধাবন, প্রয়োগ না উচ্চতর দক্ষতা) নির্বাচন করুন। তার পর ক্লাস, সাবজেক্ট চ্যাপ্টার ও লার্নিং আউটকাম (শিখনফল) সিলেক্ট করে Next Button এ ক্লিক করে পরবর্তি পেজ এ যান। এবার স্টেমটি কম্প্লিট করে বিকল্প উত্তর সমূহ লিখুন। এর পর ক), খ), গ) ও ঘ) এর জন্য অপশন সমূহ ড্রপডাউন বাটন থেকে নির্বাচন করুন। এর পর সঠিক উত্তরটি নির্বাচন করুন ও সাবমিট করুন। আপনি অভিন্ন তথ্যভিত্তিক বহু নির্বাচনি প্রশ্ন নির্বাচন করলে নিচের পেজটি ওপেন হবে।



এরপর প্রথম ও দ্বিতীয় প্রশ্নের চিন্তন দক্ষতার স্তর সিলেক্ট করুন (৩টি প্রশ্ন করতে হলে ৩য় প্রশ্নের চিন্তন দক্ষতার স্তর সিলেক্ট করুন) এরপর ক্লাস, সাবজেক্ট, চ্যাপ্টার ও শিখনফল সিলেক্ট করে পরের পেজ এ যান। এরপর প্রথম ও দ্বিতীয় প্রশ্নটি (৩ টি প্রশ্ন হলে ৩য় টির) কোন গঠন কাঠামোর হবে (সাধারন বহু নিরর্বাচনি না বহুপদি সমাপ্তি সূচক) তা সিলেক্ট করুন। এরপর আগের নিয়মে প্রশ্নটি কম্প্লিট করুন।

বিশেষ দ্রষ্টব্যঃ (১) আপলোডকৃত প্রশ্ন **কোনো অবস্থাতেই** প্রিন্ট **করে** সংরক্ষণ করা **যাবে না** এবং এ প্রশ্নে কোন ধরনের পরীক্ষা গ্রহণ করা যাবে না।

(২) প্রশ্ন প্রণেতাগণ ধারাবাহিক ভাবে প্রশ্নব্যাংকে প্রশ্ন আপলোড করতে থাকবেন এবং এটি একটি চলমান প্রক্রিয়া।

প্রয়োজনে নিচের নম্বরসমূহে যোগাযোগ করুন –

01716-822073, 01711-988112, 01720-589535, 017145-02333

অথবা,

প্রশ্নব্যাংক সংক্রান্ত যে কোনো সমস্যার জন্য মেইল করতে পারেন এই ঠিকানায়ঃ physics.lec@gmail.com